

Ex/UG/CL/GE/4.5/2022

BACHELOR OF ARTS EXAMINATION, 2022

(2nd Year, 4th Semester)

COMPARATIVE LITERATURE

Course – UG/CL/GE/4.5

(Translation Studies)

Full Marks: 30

Time: Two Hours

All questions carry equal marks.

Answer all questions either in English or in Bangla
as per instructions.

1. a) Give an account of the trajectory of western translation.

Or,

b) What is the impact of the Turk invasion on the history of translated literatures in Bangla?

2. Translate the following section into English:

a) “বেজায় গরম। গাছতলায় দিব্যি ছায়ার মধ্যে চুপচাপ শুয়ে আছি, তবু ঘেমে অস্থির। ঘাসের উপর রুমালটা ছিল, ঘাম মুছবার জন্য যেই সেটা তুলতে গিয়েছি অমনি রুমালটা বলল “ম্যাও!” কি আপদ! রুমালটা ম্যাও করে কেন? চেয়ে দেখি রুমাল তো আর রুমাল নেই, দিব্যি মোটা-সোটা লাল টকটকে একটা বেড়াল গৌঁফ ফুলিয়ে প্যাট প্যাট করে আমার দিকে তাকিয়ে আছে!

আমি বললাম, “কি মুশকিল! ছিল রুমাল, হয়ে গেল একটা বেড়াল।”

অমনি বেড়ালটা বলে উঠল, “মুশকিল অবার কি? ছিল একটা ডিম, হয়ে গেল দিব্যি একটা প্যাঁকপেঁকে হাঁস। এ তো হামেশাই হচ্ছে।”

আমি খানিক ভেবে বললাম, “তা হলে তোমায় এখন কি বলে ডাকব? তুমি তো সত্যিকারের বেড়াল নও, আসলে তুমি হচ্ছে রুমাল।”

বেড়াল বলল, “বেড়ালও বলতে পার, রুমালও বলতে পার, চন্দ্রবিন্দুও বলতে পার।” আমি বললাম, “চন্দ্রবিন্দু কেন?”

শুনে বেড়ালটা “তাও জানো না?” বলে এক চোখ বুজে ফ্যাচফ্যাচ করে বিশ্রীরকম হাসতে লাগল। আমি ভারি অপ্রস্তুত হয়ে গেলাম। মনে হল, ঐ চন্দ্রবিন্দুর কথাটা নিশ্চয় আমার বোঝা উচিত ছিল। তাই খতমত খেয়ে তাড়াতাড়ি বলে ফেললাম, “ও হ্যাঁ-হ্যাঁ, বুঝতে পেরেছি।”

বেড়ালটা খুশি হয়ে বলল, “হ্যাঁ, এ তো বোঝাই যাচ্ছে— চন্দ্রবিন্দুর চ, বেড়ালের তালব্য শ, রুমালের মা— হল চশমা। কেমন, হল তো?”

আমি কিছুই বুঝতে পারলাম না, কিন্তু পাছে বেড়ালটা আবার সেইরকম বিশ্রী করে হেসে ওঠে, তাই সঙ্গে সঙ্গে হুঁ-হুঁ করে গেলাম। তার পর বেড়ালটা খানিকক্ষণ আকাশের দিকে তাকিয়ে হঠাৎ বলে উঠল, “গরম লাগে তো তিব্বত গেলেই পার।”

Or,

[Turn over

b) ঘরে ফিরে মনে হয় বড়ো বেশি কথা বলা হলো ?

চতুরতা, ক্লান্ত লাগে খুব ?

মনে হয় ফিরে এসে মন করে ধূপ জ্বলে চুপ করে নীলকুঁড়িতে
বসে থাকি ?

মনে হয় পিশাচ পোশাক খুলে পরে নিই

মানব শরীর একাকার ?

দ্রাবিত সময় ঘরে বয়ে আনে জলীয়তা, তার

ভেসে ওঠা ভেলা জুড়ে অনন্তশয়ন লাগে ভালো ?

যদি তাই লাগে তবে ফিরে এসো । চতুরতা, যাও ।

কী-বা আসে যায়

লোকে বলবে মূর্খ বড়ো, লোকে বলবে সামাজিক নয় !

3. Translate the following section into English:

a) "The civilizations evolved in India or China, Persia or Judaea, Greece or Rome, are like several mountain peaks having different altitude, temperature, flora and fauna, and yet belonging to the same chain of hills. There are no absolute barriers of communication between them; their foundation is the same and they affect the meteorology of an atmosphere which is common to us all. This is at the root of the meaning of the great teacher who said he would not seek his own salvation if all men were not saved; for we all belong to a divine unity, from which our great-souled men have their direct inspiration; they feel it immediately in their own personality, and they proclaim in their life, "I am one with the Supreme, with the Deathless, with the Perfect"."

Or,

b) Into the half light and shadow I go. Within my head

Not a dream, but some sensation is at work.

Not a dream, not peace, not love,

Inside my heart a sensation is born.

I cannot escape it

For it places its hand in mine,

And all else pales to insignificance-futile so it seems.

All thought, an eternity of prayer,

Seems empty.

Empty.